



বাংলাদেশের  
স্বৰ্ণ জন্মত্ব  
Bangladesh ৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৯.২২.১৫৮

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৯

১৮ জুলাই ২০২২

বিষয়: চলতি বোরো সংগ্রহ-২০২২ এর আওতায় সংগ্রহের নির্ধারিত মেয়াদ পর্যন্ত স্ব স্ব বিভাগের অনুকূলে  
প্রদত্ত সিঙ্ক চালের লক্ষ্যমাত্রার বিপরীতে সম্ভাব্য চাল সংগ্রহের পরিমাণ এবং সংগ্রহ না হওয়া  
পরিমাণের তথ্য প্রেরণ।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২২.৭৪, তারিখ: ২৮/০৮/২০২২ খ্রি।  
২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২২.১৪১, তারিখ: ১৫/০৬/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০২২ মৌসুমে সিঙ্ক চালের  
প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ১১,০০,০০০ মে.টন। পরবর্তীতে সিঙ্ক চালের অতিরিক্ত আরো ২,০০,০০০  
মে.টন চালের লক্ষ্যমাত্রা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়। এতে সর্বসাকৃত্যে বোরো-২০২২ এর সিঙ্ক চালের  
লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়  $(11,00,000 + 2,00,000) = 13,00,000$  মে.টন। ১৩,০০,০০০ মে.টন সিঙ্ক চালের  
লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬/০৭/২০২২ পর্যন্ত ৬,৬৬,৬২১ মে.টন চাল সংগৃহীত হয়েছে। সংগ্রহের অপেক্ষায়  
অবশিষ্ট পরিমাণ  $(13,00,000 - 6,66,621)$  = ৬,৩৩,৩৭৯ মে.টন। বোরো সিঙ্ক চালের বিভাগভিত্তিক  
লক্ষ্যমাত্রা, চাল সংগ্রহের অর্জিত পরিমাণ এবং সংগ্রহের অবশিষ্ট পরিমাণের তথ্য নিম্নরূপ:


ক্র.নং	বিভাগ	লক্ষ্যমাত্রা (মে.টন)	অর্জিত পরিমাণ (মে.টন)	অবশিষ্ট পরিমাণ (মে.টন)	সংগ্রহের শতকরা হার
১.	রাজশাহী	২,৮৩,৫৭০	১,৪৭,১৩৯	১,৩৬,৪৩১	৫২%
২.	রংপুর	২,৯৩,২৯০	১,৬৯,৩৫৪	১,২৩,৯৩৬	৫৮%
৩.	খুলনা	১,৭৩,৭১৫	৮৬,৬৯৮	৮৭,০১৭	৫০%
৪.	বরিশাল	২৮,৭০৮	১৬,০২১	১২,৬৮৭	৫৬%
৫.	সিলেট	৫৫,২৩৫	১৯,১৫৬	৩৬,০৭৯	৩৫%
৬.	ঢাকা	১,৪৫,৩৪৮	৭৬,৩৭৭	৬৮,৯৭১	৫৩%
৭.	ময়মনসিংহ	২,০০,১০০	৯৩,৭২৪	১,০৬,৩৭৬	৪৭%
৮.	চট্টগ্রাম	১,২০,০৩৪	৫৮,০৫২	৬১,৯৮২	৪৮%
মোট=		১৩,০০,০০০	৬,৬৬,৬২১	৬,৩৩,৩৭৯	৫১%

বোরো সংগ্রহ-২০২২ এর মেয়াদ আগামী ৩১/০৮/২০২২ খ্রি। তারিখ পর্যন্ত নির্ধারিত আছে। এ পর্যন্ত  
সংগ্রহের গতি পর্যালোচনাতে দেখা যায় যে, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও ঢাকা বিভাগের সংগ্রহের হার  
৫০% এর উপর। অপরদিকে সিলেট, ময়মনসিংহ ও চট্টগ্রাম এর সংগ্রহের হার ৫০% এর নীচে। বিগত  
কয়েকদিনের দৈনিক জাতীয়ভাবে সংগ্রহের পরিমাণ ২০০০ থেকে ৪৫০০ মে.টন। এ গতিতে চাল সংগ্রহ

চলমান থাকলে বোরো চাল সংগ্রহের নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করা সম্ভব নয়। এহেন পরিস্থিতিতে যে সকল বিভাগে সিদ্ধ চালের প্রদত্ত অতিরিক্ত লক্ষ্যমাত্রার যে পরিমাণ চাল সংগ্রহ করা সম্ভব হবে না তা সংগ্রহ সম্ভাবনাময় বিভাগে দ্রুত সময়সীমার পুনঃবরাদ্দ প্রদান প্রয়োজন।

এমতাবস্থায়, সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে স্ব স্ব বিভাগের প্রদত্ত সিদ্ধ চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে সম্ভাব্য সংগ্রহের পরিমাণ বাদ দিয়ে অবশিষ্ট লক্ষ্যমাত্রা আগামী ২৪/০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে খাদ্য অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।



১৯-৭-২০২২

মোঃ রায়হানুল কবীর  
পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৯.২২.১৫৮/১(১২)

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৯  
১৮ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রিকা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



১৯-৭-২০২২

মোঃ রায়হানুল কবীর  
পরিচালক